

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯২.০১১.২৩ নথির বিষয়: Rising, Repairing and Maintenance of boundary wall at Smrity dhara, Muradpur and others water pump under MODS Zone-7 area, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Rising, Repairing and Maintenance of boundary wall at Smrity dhara, Muradpur and others water pump under MODS Zone-7 area, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৭/২৩ ১২:০৪ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, ঢাকা ওয়াসাস্থ মডস জোন-৭ এর অধীন স্মৃতিধারা পানির পাম্প, মুরাদপুর পানির পাম্পসহ অন্যান্য পানির পাম্পের বাউন্ডারী ওয়াল ও নিরাপত্তা ফটক জরাজীর্ণ অবস্থায় আছে। এম.এস স্টীলের তৈরি নিরাপত্তা দ্বার দীর্ঘ দিন উন্মুক্ত স্থানে অবস্থানের কারণে বৃষ্টির পানিতে মরিচা পড়ে অকার্যকর হয়ে পড়েছে। পাম্প কম্পাউন্ডের বাউন্ডারী ওয়াল ভেঙ্গে গেছে, দেওয়ালের আন্তর ও রং খসে পড়েছে। এতদ্ব্যতীত, পাম্প কম্পাউন্ডের পার্শ্ববর্তী অনেক রাস্তা-ঘাট পাম্প নির্মাণের পরবর্তী সময়ে উচু করার কারণে বাউন্ডারী ওয়াল নিরাপত্তার ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতার নিম্নে অবস্থান করছে। ঢাকা ওয়াসার পানির পাম্প সমূহ অনেক গুরুত্বপূর্ণ স্থাপনা। এর অভ্যন্তরে উচ্চ ভোল্টেজে পরিচালিত অনেক বৈদ্যুতিক যন্ত্রপাতিসহ পানি উৎপাদন বিপন্ন কাজে ব্যবহৃত মূল্যবান অনেক যন্ত্র-পাতি রয়েছে। তাই পানির পাম্পসমূহের নিরাপত্তা নিশ্চিত করা একান্ত আবশ্যিক। সেই লক্ষ্যে, অতি দ্রুত উল্লেখিত পানির পাম্পসমূহের বাউন্ডারী ওয়াল উচ্চকরণ, নিরাপত্তা ফটক নির্মাণসহ প্রয়োজনীয় অন্যান্য মেরামত কার্য করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৭/২৩ ১২:২২ অপরাহ্ন


আলোচ্য কাজটি সম্পাদনের জন্য পি.ডব্লিউ.ডি. রেইট সিডিউল-২০১৮ অনুসরণে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট ব্যয়ভার ৯৭,৪২৮.৯২৮(সাতানব্বই হাজার চারশত আটশ টাকা নয় দুই আট পয়সা) টাকা মাত্র। উক্ত ব্যয়ভার ২০২৩-২০২৪ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুকূলে অনুমোদিত ক্রয় পরিকল্পনার Package No:15.3 হতে নির্বাহ করা হবে। পি.পি.আর-২০০৮ অনুযায়ী ডি.পি.এম (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান “মেসার্স মোহাম্মদ মাওলা” এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।
- ২। প্রস্তাবিত কাজের ক্যালকুলেশন সীট।
- ৩। প্রস্তাবিত কাজের প্রতিবেদন।
- ৪। অনুমোদিত ২০২৩-২৪ইং অর্থ বছরের বার্ষিক কর্ম-পরিকল্পনার কপি।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৮/৭/২৩ ১২:২৫ অপরাহ্ন

এমতাবস্থায়, “Rising, Repairing and Maintenance of boundary wall at Smrity dhara, Muradpur and others water pump under MODS Zone-7 area, Dhaka WASA.” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে, প্রস্তাবিত ব্যয়ভার সর্বমোট ৯৭,৪২৮.৯২৮(সাতানব্বই হাজার চারশত আটশ টাকা নয় দুই আট পয়সা) টাকা মাত্র এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে এবং পি.পি.আর-২০০৮ এর ধারা ৭৬/১(ট) অনুযায়ী ডি.পি.এম পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান “মেসার্স মোহাম্মদ মাওলা” এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে সম্পন্ন করার অনুমতি প্রদান করা যেতে পারে। আলোচ্য ব্যয়ভার অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী(মডস সার্কেল-১) মহোদয়ের আওতাধীন।

			
১৮/৭/২৩ ১২:২৫ অপরাহ্ন মোঃ শাহ আলম উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১৮/৭/২৩ ১:০৫ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১৮/৭/২৩ ২:১৭ অপরাহ্ন মোঃ শাহ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-৭	১৮/৭/২৩ ২:১৭ অপরাহ্ন শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৬/৭/২৩ ১২:৫৫ অপরাহ্ন

প্রস্তাবমতে অনুমোদিত।

	
২৬/৭/২৩ ১২:৫৫ অপরাহ্ন শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১	২৬/৭/২৩ ১২:৫৫ অপরাহ্ন মোঃ শাহ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-৭

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা